দৈনিক ইত্তেফাক

তারিখ 15 SEP 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৮ জন ছাত্রের ভর্তি বাতিল

আনোয়ার আলদীন ॥

সীল ও স্বাক্ষর জাল করিয়া অবৈধ পন্থায় ভর্তি হওয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অনার্স দ্বিতীয় বর্ষের

( ২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

( ১ম পৃঃ পর )

৮জন ছাত্রের ভর্তি বাতিল করা হইয়াছে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিযুক্তদের ঠিকানায় এই ব্যাপারে চিঠি প্রেরণ করিয়াছে। ইহাছাড়া বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীর ভর্তির 'সন্দেহমূলক' কাগজপত্র খতাইয়া দেখা হইতেছে। ভুয়া প্রমাণিত হইলে তাহাদের ভর্তিও বাতিল করা হইবে। ভর্তি বাতিলকৃত ছাত্রদের সকলেই ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে ভর্তি হইয়াছে এবং এফ রহমান হলে যুক্ত। গত ২ বছরধরিয়া তাহারা নিয়মিত ক্লাশ ও পরীক্ষায় অংশগ্রহণ করিয়া আসিতেছে। জানা গিয়াছে, এই সকল ছাত্র বিশ্ববিদ্যালয়ের ডীন, বিভাগীয় চেয়ারম্যান, হল প্রভোষ্ট, রেজিষ্ট্রার এমনকি ব্যাংকে টাকা জমাদানের সীল ও স্বাক্ষর পর্যন্ত জাল করিয়াছে। বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, 'উড়ো' অভিযোগের প্রেক্ষিতে কিছু সংখ্যক ছাত্র-ছাত্রীর ভর্তি সংক্রান্ত কাগজপত্র পরীক্ষা করার পর আমাদের সন্দেহ হয়। পরে এইগুলি প্রমাণ করিয়া দেখা যায় সবই জাল। তিনি বলেন, বিভিন্ন বর্ষের আরও প্রচুরসংখ্যক ছাত্র-ছাত্রীর সন্দেহভুত কাগজপত্র খতাইয়া দেখা হইতেছে। ইহাতে যাহাদের ভর্তি ভুয়া প্রমাণিত হইবে পর্যায়ক্রমে তাহাদের ভর্তি বাতিল করা হইবে।

জালিয়াতির আশ্রয়ে ভর্তি হওয়ার অভিযোগে চলতি বছরের মাঝামাঝি সময়ে বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স প্রথম পর্বের শতাধিক ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল করা হয়। কিন্তু পরবর্তীতে কর্তৃপক্ষ ইহার সহিত 'কাহারা জড়িত' সে বিষয়টি উদঘাটনের ব্যাপারে কোন কার্যকর উদ্যোগ গ্রহণ করে নাই।